দৈনিক খবর 4

26 AUG 1990
তারিখ ... ... ... ...
পৃষ্ঠা... 2 ... ... কলাম 10 ...

# বৃহত্তর খুলনায় ৯১টি প্রাথমিক বিদ্যালয় আধা–পাকা করা হবে

খুলনা, ২৪শে আগস্ট (নিজস্ব প্রতিনিধি)।– শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিস বিভাগ ১৯৮৮ সালের ২৯শে নভেম্বরের ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত বৃহত্তর খুলনা জেলার ৯১টি সরকারী প্রাথমিক বিদ্যালয় আধা–পাকা নির্মাণ করার কর্মসূচী নিয়েছে। এ প্রকল্প বাস্তবায়নের জন্য ৩ কোটি ৮২ লাখ ২০ টাকা বরাদ্দ করা হয়েছে। ইসলামী উন্নয়ন ব্যাংক এ প্রকল্পে অর্থের যোগান দিচ্ছে বলে জানা গেছে।

এ প্রকল্পের আওতায় পুনর্নির্মিতব্য বিদ্যালয়গুলো হচ্ছে, পাইকগাছা, দাকোপ, বটিয়াঘাটা, রূপসা, ডুমুরিয়া, খুলনা মহানগরী, ফুলতলা ও কয়রা উপজেলায় ৪টি করে এবং তেরখাদা উপজেলায় ৩টি। সাতক্ষীরা জেলার দেবহাটা, শ্যামনগর, অলা, আশাশুনি ও কলারোয়া উপজেলায় ৪টি করে এবং কালীগঞ্জ উপজেলায় ৭টি। বাগেরহাট জেলার মংলা, চিতলমারী, কচুয়া, মোল্লাহাট ও সদর উপজেলায় ৪টি করে। মোড়েলগঞ্জ, শরণখোলা ও রামপাল উপজেলায় ২টি করে এবং ফকিরহাট উপজেলায় ৩টি। ইতিমধ্যেই কয়েকটি বিদ্যালয়ের নির্মাণ কাজ শুরু করার জন্য প্রাথমিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিদ্যালয়গুলোতে ফার্নিচার, ল্যাট্রিন ও পানির কলের ব্যবস্থা করা হবে বলে জানা গেছে।